দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 APR 2017
পৃষ্ঠা 22 কলাম 6

# সৃজনশীলতায় অনন্য ভবিষ্যৎ

কিছুদিন আগেও ফ্যাশন ডিজাইন সম্পর্কে মানুষের তেমন ধারণা ছিল না। তবে এখন সে অবস্থার পরিবর্তন ঘটেছে। মানুষ আগের যেকোনো সময়ের চেয়ে এখন অনেক সৌন্দর্য সচেতন। আর এই সৌন্দর্য সচেতন মানুষদের স্টাইলিশ পোশাকের চাহিদা মিটিয়ে থাকেন ফ্যাশন ডিজাইনাররা। তাই এ সময়ের তরুণ-তরুণীদের মধ্যে পোশাক সম্পর্কে যেমন রয়েছে সচেতনতা, তেমনি ফ্যাশন ডিজাইনে পড়াশোনার প্রতি আগ্রহও বাড়ছে। দেশের বাইরে রয়েছে এই পেশাদারদের প্রচুর চাহিদা। দেশের গার্মেন্টস শিল্পে দক্ষ জনশক্তির অভাব রয়েছে, ফ্যাশন ডিজাইনে পড়ুয়ারা কিছুটা হলেও সে ঘাটতি পূরণ করে দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখতে পারে।

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় এবং বিশ্ববাজারে চাকরির ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে দক্ষ ও অভিজ্ঞ করে গড়ে তুলতে সোনারগাঁও ইউনিভার্সিটি বরাবরই সচেষ্ট রয়েছে। যুগোপযোগী চাহিদা পূরণের লক্ষ্যে এবং সময়ের সঙ্গে তাল মিলিয়ে সোনারগাঁও ইউনিভার্সিটি নিত্যনতুন বিষয় কোর্স কারিকুলামে অন্তর্ভুক্ত করছে। এরই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ে চালু হওয়া একটি বিষয় হলো ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগ। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ ও সিনিয়র অধ্যাপকদের পরিচালনার ফলে শিক্ষার্থীদের কাছে রাজধানীর ১৪৭/আই পান্থপথ, গ্রিনরোডে অবস্থিত এসইউ অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে সমাদৃত হয়েছে। ফ্যাশন ডিজাইনে বিএসসি অনার্স ইন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিষয়ে উচ্চতর শিক্ষার জন্য আগ্রহীদের এইচএসসি বা সমমান পাস হতে হবে। এ বিষয়ে আরও জানতে যোগাযোগ করা যেতে পারে ০১৯৫৫৫২৯৭০১-২৫ নম্বরে। এ ছাড়া এ বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন স্নাতক ডিগ্রি লাভের সুযোগ আছে। এর মধ্যে রয়েছে বিবিএ, বিএসসি ইন ন্যাভাল আর্কিটেকচার ও মেরিন ইঞ্জিনিয়ারিং, ব্যাচেলর অব আর্কিটেক্ট, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, অ্যাপারেল ম্যানুফ্যাকচার অ্যান্ড টেকনোলজি, এলএলবি (অনার্স) প্রভৃতি। ফল, স্প্রিং ও সামার—এই তিনটি সেশনে সোনারগাঁও ইউনিভার্সিটিতে ভর্তি হওয়া যায়। এখানে রয়েছে বিষয় সংশ্লিষ্ট পাঠ্যবইয়ে সমৃদ্ধ লাইব্রেরি, এসি ক্লাস রুম, ডিবেটিং ক্লাব, কালচারাল ক্লাব, স্পোর্টস ক্লাব। রয়েছে বৃত্তির সুযোগও।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এন.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ | |

কার্যার্থে/অবগতার্থে

স্বাক্ষর